

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

১৭ জানুয়ারী ২০২৩ খ্রি.

বর্ষায় জলাবদ্ধতা থেকে বাঁচতে মহেশ খালে চলমান মাটি উত্তোলন কার্যক্রম পরিদর্শনে
গেছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত মেয়র আব্দুস সবুর লিটন

মঙ্গলবার সকালে পরিদর্শন কার্যক্রম তদারকিকালে ভারপ্রাপ্ত মেয়র আব্দুস সবুর লিটন বলেন, চট্টগ্রাম নগরীর প্রধান কয়েকটি সমস্যার একটি জলাবদ্ধতা। প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা চট্টগ্রামের জলাবদ্ধতা নিরসনে সাড়ে ছয় হাজার কোটি টাকার প্রকল্প বরাদ্দ দিয়েছেন। প্রকল্পটি চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ বাস্তবায়ন করছে। তবে এ প্রকল্প বাস্তবায়ন করতে গিয়ে সিডিএ যেসব রিটেইনিং ওয়াল বা সুরক্ষা দেয়াল নির্মাণ করেছে সেগুলোর কারণে চট্টগ্রামে জলাবদ্ধতা তৈরি হচ্ছে। এ কারণে চসিক মেয়র বীর মুক্তিযোদ্ধা রেজাউল করিম চৌধুরী চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষকে এই সমস্যা সমাধানের আহ্বান জানালে সিডিএ খালের মাটি উত্তোলন করে পানি চলাচলের পথ সুগম করছে। আমি সিডিএ সহ প্রকল্প সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানাবো যাতে আগামী বর্ষার আগেই পানি চলাচলের পথ সুগম করতে যাতে আগামী বর্ষায় জনগণ জলাবদ্ধতায় কষ্ট না পায়। এসময় উপস্থিত ছিলেন ওয়ার্ড কাউন্সিলর মো. মোর্শেদ আলী, প্রকৌশলী তৌহিদুল ইসলাম, পরিচালনা কর্মকর্তা প্রনব শর্মা এবং স্থানীয় এলাকাবাসী।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) সার্বিক সহযোগিতায় আয়োজিত অমর একুশে বইমেলা ২০২৩ এর
স্টল বরাদ্দের আবেদন ফরম ১৮ জানুয়ারি থেকে চসিকের ওয়েবসাইটে বিনামূল্যে পাওয়া যাবে

আবেদন ফরমটি ২৬ জানুয়ারি পর্যন্ত চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ওয়েবসাইট (www.ccc.gov.bd) অথবা চসিকের অফিসিয়াল ফেসবুক পেইজ (<https://www.facebook.com/ctgcitycorp>) অথবা সৃজন শীল প্রকাশক পরিষদের ওয়েবসাইট (cspp.boimela@gmail.com) থেকে ডাউন লোড করা যাবে এবং তা পূরণ করে হার্ডকপি আগামী ২৬ জানুয়ারি বেলা ৪টার মধ্যে জমা দিতে হবে।

এবার স্টল বরাদ্দ পেতে হলে যে কোন প্রকাশনী প্রতিষ্ঠানকে ২০২২ সাল পর্যন্ত প্রকাশিত ১৫টি বইয়ের তালিকা এবং প্রকাশিত গ্রন্থের মুদ্রিত ক্যাটালগ জমা দিতে হবে। মেলার স্টলে স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ বিরোধী কোন বই রাখা যাবে না। স্টলে নিজ প্রকাশনা প্রতিষ্ঠান থেকে প্রকাশিত বই এবং নিজের পরিবেশনা ছাড়া অন্য কোন বই ও পাইরেসি বই রাখা যাবে না। এ ধরনের কোন অভিযোগ পাওয়া গেলে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

উল্লেখ্য, আবেদন ফরম যাচাই-বাছাইয়ের পর নির্বাচিত প্রকাশনীকে “মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশন” নামে ‘সিঙ্গেল স্টল’ এর জন্য স্টল ভাড়া বাবদ ৫ হাজার টাকা এবং ডাবল স্টলের ক্ষেত্রে ১০ হাজার টাকা ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডারের মাধ্যমে জমা দিতে হবে।

মেলার স্টল বরাদ্দ সংক্রান্ত যে কোন সমস্যায় যোগাযোগ চসিকের উপসচিব আশেক রসুল চৌধুরী টিপু মোবাইলে ০১৯১৫-৭৯৫১৪২ এবং itcelleccc@gmail.com ঠিকানায় অথবা চট্টগ্রাম সৃজন শীল প্রকাশক পরিষদের সাথে ০১৭১১-৪৭৩৩৩৫, ০১৮১৯৬১৬৪৩৫ নাম্বারে অথবা cspp.boimela@gmail.com ঠিকানায় যোগাযোগ করা যাবে।

চসিক ভ্রাম্যমাণ আদালত
অবৈধভাবে ফুটপাত দখল ও ট্রেড লাইসেন্স বিহীন ব্যবসা করায়
০৯ প্রতিষ্ঠানকে ২৪ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট তাপ্তি চাকমা'র উদ্যোগে আজ মঙ্গলবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। তিনি নগরীর সাগরিকা পিসি রোডের মোড় থেকে হালিশহর আই ব্লকের রাস্তা ও ফুটপাতের উপর অবৈধভাবে গড়ে উঠা কাঁচা বাজারসহ প্রায় অর্ধশতাধিক অবৈধ দোকান উচ্ছেদ পূর্বক রাস্তা ও ফুটপাত দখলমুক্ত করেন। এই সময় চলাচলের রাস্তা, ফুটপাত ও নালার জায়গায় দখল করে ব্যবসা করায় ০৯ ব্যবসা প্রতিষ্ঠানের মালিকের বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ২৪ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩